



Dublin Office:
22 Upper Ormond Quay,
Dublin 7, Ireland
Ph: +353 (0)1 872 0008
Fax: +353 (0)1 874 8032
E-mail: translations@wordperfect.ie
Web: www.wordperfect.ie

Cork Office:
14 Penrose Wharf,
Cork, Ireland
Ph: +353 (0) 21 4861404
Fax: +353 (0) 21 4861303
Lo-call: 1890 707 707 (24hrs)
E-mail: cork.translations@wordperfect.ie

**International Protection Office
Irish Naturalisation and Immigration Service
79-83 Lower Mount St.
Dublin 2, D02ND99**

বুধবার, 14 আগস্ট 2019

To Whom It May Concern:

This is to certify that the English to Bengali translation, reference "Information Booklet" is a true & accurate translation. It reflects the writing style, punctuation and phrase structure used in the original text.

Yours sincerely,

Translation PM
Word Perfect Translations





আন্তর্জাতিক সুরক্ষার (IPO 1) আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকার 3 নম্বর সংযোজন

তথ্য বিজ্ঞপ্তি

রাষ্ট্রে (আয়ারল্যান্ড) অবস্থান করার অনুমতি প্রদান করা হবে কি হবে না সে সংক্রান্ত মন্ত্রীর সিদ্ধান্ত
সম্পর্কিত তথ্য

আন্তর্জাতিক সুরক্ষা আইন 2015 এর 49(3) ধারা অনুযায়ী, একজন আবেদনকারীকে (রাষ্ট্রে অবস্থান করার) অনুমতি প্রদান করা হবে কিনা সে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মন্ত্রীর নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে বিবেচনায় নেয়ার পর আবেদনকারীর পারিবারিক ও ব্যক্তিগত পরিস্থিতি এবং নিজের ব্যক্তিগত ও পারিবারিক জীবন রক্ষা করায় তার অধিকার বিবেচনায় রাখতে হবে—

- (a) রাষ্ট্রের সাথে আবেদনকারীর সংযোগের প্রকৃতি, যদি থাকে,
- (b) মানবিক বিবেচনা,
- (c) রাষ্ট্রের অভ্যন্তরীণ এবং (প্রযোজ্য ক্ষেত্রে ও নিরুপযোগ্য হলে) রাষ্ট্রের বাইরে আবেদনকারীর চরিত্র ও আচরণ (যেকোনো ফৌজদারি দণ্ডদেশও এর অন্তর্ভুক্ত),
- (d) জাতীয় নিরাপত্তা ও জনশৃঙ্খলা বিবেচনা, এবং
- (e) সাধারণভাবে উপকারী অন্য যেকোনো বিবেচনা।

দ্রষ্টব্য:

যদিও স্বাভাবিকভাবেই আবেদনকারীদের বিরুদ্ধে রাষ্ট্রে রেকর্ডকৃত ফৌজদারি দণ্ডদেশের বিবরণ মন্ত্রী পেয়ে যাবেন, এটি লক্ষ্য করার বিষয় যে, আবেদনকারীদেরও তাদের বিরুদ্ধে রাষ্ট্রের ভিতরে ও বাইরে রেকর্ডকৃত যেকোনো ফৌজদারি দণ্ডদেশের তথ্য মন্ত্রীর কাছে প্রদান করতে হবে।